

রেজিস্ট্রারের পদত্যাগ চেয়ে জবিতে বিক্ষোভ

জবি প্রতিনিধি

২৪ এপ্রিল, ২০২৫
০২:৫৭

শেয়ার

অ +

অ -



শিক্ষার্থীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. শেখ মো. গিয়াস উদ্দিনের পদত্যাগ চেয়ে তাৎক্ষণিক বিক্ষোভ করেছেন একদল শিক্ষার্থীরা।

বুধবার (২৩ এপ্রিল) রাত আনুমানিক ১০টায় বিশ্ববিদ্যালয়ের ভাষাশহীদ রফিক ভবনে বিক্ষোভ করেন তারা।

এ সময় শিক্ষার্থীরা ‘রেজি স্ট্রারের গদিতে, আগুন জ্বালো একসাথে’, ‘স্বৈরাচারের ঠিকানা, এই ক্যাম্পাসে হবে না’, ‘দালালদের ঠিকানা, এই ক্যাম্পাসে হবে না’, ‘এক দুই তিন চার, রেজি স্ট্রার গদি ছাড়’ ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

এ ছাড়া সামাজিক যোগাযোগমাধ্যমে রেজিস্ট্রারের আচরণ নিয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন শিক্ষার্থীরা।

নাট্যকলা বিভাগের শিক্ষার্থী তাকরিম আহমেদ ফেসবুক পোস্টে লিখেছেন, জবির রেজিস্ট্রারের পদত্যাগ চাই। এ রকম আচরণের একজন মানুষ কিভাবে প্রশাসনে আছে, বুঝে পাই না। রেজিস্ট্রার শিক্ষক নামেরও কলঙ্ক। সব সময় শিক্ষার্থীদের সঙ্গে খারাপ আচরণ করে আসছে।

এ রকম একজনকে আমাদের গার্ডিয়ান হিসেবে চাই না।

তিনি লিখেছেন, বিশ্ববিদ্যালয় দিবসের প্রগ্রামকে ঘিরে জবি রেজিস্ট্রার গিয়াস উদ্দিন সাহেব সর্বপ্রথম খারাপ আচরণটা আমার সঙ্গেই করেছিল ভিসি স্যারের কনফারেন্সরুমে। একের পর এক অনেকের সঙ্গে তার খারাপ আচরণের কথা শুনেছি। এইভাবে আর হতে দেওয়া যায় না।

অবিলম্বে ওনাকে এই রকম দায়িত্ব থেকে মুক্তি দেওয়া হোক। উনি একজন বদ্ধ উন্মাদ।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের শহীদ সাজিদ একাডেমিক ভবনের গ্যারেজ থেকে বিগত কয়েক দিন যাবৎ সাইকেল চুরির ঘটনায় ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. শেখ গিয়াস উদ্দিন বরাবর লিখিত অভিযোগ দিতে গেলে তিনি জবি ছাত্রফ্রন্ট সভাপতি ইভান তাহসীবসহ অন্য সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। তার আচরণের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীদের মাঝে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখা দেয়।